

## জাপানি ভাষা প্রশিক্ষণ কোর্সের শুভ উদ্বোধন

বাংলাদেশ-কোরিয়া কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র ঢাকায় “জাপানি ভাষা শিক্ষা কোর্স” চালু হয়েছে। ০২/০৪/২০১৮ ইং তারিখে “জাপানি ভাষা শিক্ষা কোর্স” এর শুভ উদ্বোধন অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন ড. নমিতা হালদার এনডিসি, সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, এবং বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন মোঃ সেলিম রেজা, মহা-পরিচালক, (অতিরিক্ত সচিব), জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, ঢাকা। উক্ত অনুষ্ঠানটি সভাপতিত্ব করেন বাংলাদেশ-কোরিয়া কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র ঢাকার অধ্যক্ষ ড. প্রকৌশলী মোঃ সাকাওয়াৎ আলী। জাপানি ভাষা শিক্ষা কোর্স টি বাংলাদেশ-কোরিয়া কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, ঢাকা ছাড়াও দেশের আরও ২০ টি কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রে চালু হয়েছে এবং পর্যায়ক্রমে দেশের সকল কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রে চালু হবে।

